

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়  
লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ  
কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখা।



**বিষয়: লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত এপিএ (APA) কমিটির সভার কার্যবিবরণী।**

লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়নের লক্ষ্যে বিগত ১৭-০৬-২০২১ খ্রি: তারিখ রোজ বৃহস্পতিবার বেলা ১০.০০ ঘটিকায় লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের যুগ্মসচিব ও এপিএ টিম প্রধান জনাব রফিকুল হাসানের সভাপতিত্বে তাঁর অফিসকক্ষে (কক্ষ নং ১১০৩, ১১ তলা, পরিবহন পুল ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা) একটি সভা অনুষ্ঠিত হয়। সভায় সংশ্লিষ্ট সকল প্রতিনিধিদের উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক' তে সংযুক্ত করা হলো।

২. সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার আলোচ্যসূচী অনুযায়ী যাবতীয় বিষয়াদি উপস্থাপনের জন্য এপিএ কমিটির সদস্য সচিব জনাব সৌমেন পালিত বাবু'কে আহ্বান জানান। এ পর্যায়ে তিনি সভাকে জানান যে, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২০-২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে উল্লিখিত কার্যক্রমের বিপরীতে কর্মসম্পাদন সূচক অনুযায়ী পদক্ষেপ গ্রহণের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অধ্যকার সভা আয়োজন করা হয়েছে। উক্ত সভায় বিগত সভার সিদ্ধান্ত পর্যালোচনা করা হয়। পর্যালোচনায় দেখা যায় যে, এপিএ কমিটির বিগত সভার সিদ্ধান্তসমূহ ইতোমধ্যে বাস্তবায়িত হয়েছে। সভাপতি মহোদয় নির্ধারিত সময় মোতাবেক লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগের ২০২১-২২ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির চূড়ান্ত খসড়া মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করায় কর্মসম্পাদন শাখার সাথে সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

৩. সভায় সামগ্রিক আলোচনা এবং উপস্থিত সকলের ঐকমত্যের ভিত্তিতে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়, যথাঃ  
সিদ্ধান্তসমূহঃ

- (ক) মন্ত্রিপরিষদ বিভাগে ২০২০-২০২১ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (APA) বিভিন্ন সূচকসমূহের প্রমাণক প্রদানের লক্ষ্যে এ বিভাগের সংশ্লিষ্ট শাখাসমূহ ও আইন কমিশন এবং মানবাধিকার কমিশন বরাবর চিঠি প্রেরণ করতে হবে।
- (খ) কর্মসম্পাদন ব্যবস্থাপনা শাখার সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে স্থায়ী অফিস কক্ষসহ প্রয়োজনীয় সরঞ্জামাদি সরবারহের লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
- (গ) বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর কার্যক্রমকে আরো গতিশীল করতে এপিএ কমিটি পুনর্গঠনে উদ্যোগ গ্রহণ করা হবে।
- (ঘ) যেসব বিষয়গুলো ইতোমধ্যে সম্পাদিত হয়েছে সেগুলোর প্রমাণক অতিসত্তর সংগ্রহ করে আগামী ১৫ তারিখের মধ্যে তা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।

৪. সভায় আর কোন আলোচ্যসূচী না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মো: রফিকুল হাসান)

যুগ্ম-সচিব এবং টিম প্রধান

এপিএ বাস্তবায়ন পরিবীক্ষণ ও সমন্বয় কমিটি